



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.৪২.০০০০.০০০.১১.০০৬.১৫.২৫৮০

তারিখ: ১১ পৌষ ১৪২৮
২৬ ডিসেম্বর ২০২১


পরিপত্র

বিষয়: জেলা পরিষদের ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের অনুকূলে উচ্চতর বেতন গ্রেড মঞ্জুরি।

স্থানীয় সরকার বিভাগের মনিটরিং-১ শাখার ১৪ জুলাই ২০১৩ তারিখের অফিস আদেশ নং ৪৬.০৯৯.০১৫.০১.০০.০০২.২০১০-৭৯ মূলে বিভাগীয় পর্যায়ে পরিচালক, স্থানীয় সরকার পদে কর্মরত কর্মকর্তাদের কার্যপরিধি নির্ধারিত রয়েছে। উক্ত অফিস আদেশের ক্রমিক ১৮-তে বিভাগের সকল জেলা পরিষদের ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদেরকে সিলেকশন গ্রেড ও টাইমস্কেল প্রদানের উল্লেখ রয়েছে। অপরিদিকে, জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর আদেশ এবং অর্থ বিভাগের পরিপত্র নং ০৭.০০.০০০০.১৬১.০০.০০২.১৬(অংশ-১)-২৩২, তারিখ: ২৩ সেপ্টেম্বর ২০১৬ মূলে কর্মচারীগণকে যথাসময়ে স্বয়ংক্রিয়ভাবে উচ্চতর গ্রেড প্রাপ্তির বিষয়ে নিম্নরূপ ব্যাখ্যা প্রদান করা হয়েছে:

স্বয়ংক্রিয় এর ব্যাখ্যা: বিভাগীয় পদোন্নতি কমিটি (ডিপিসি) ব্যতিরেকে প্রযোজ্যক্ষেত্রে মন্ত্রণালয়ের সচিব/নিয়োগকারী কর্তৃপক্ষ অথবা **ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা এর অনুমোদন গ্রহণপূর্বক** অফিস আদেশ জারির মাধ্যমে উচ্চতর গ্রেড প্রদানের বিষয়টি নিষ্পত্তি করিতে হইবে।

- ২। এমতাবস্থায়, উল্লিখিত পরিপত্র/নির্দেশনা অনুসরণে জেলা পরিষদের ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের চাকুরিকাল জেলা পরিষদের সভায় সন্তোষজনক মর্মে সুপারিশ করা হলে উক্ত কর্মচারীর অনুকূলে উচ্চতর বেতন গ্রেড প্রদানের প্রস্তাব সংশ্লিষ্ট পরিচালক, স্থানীয় সরকার, এর অনুমোদনের পর কার্যকর করতে হবে।
- ৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে।


মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব
ফোনঃ +৮৮০২২২৩৩৫৫৫৬৮
ই-মেইলঃ lgzp@lgd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, বিভাগ।
৩. যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগ।
৬. চেয়ারম্যান, জেলা পরিষদ, জেলা।
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, জেলা।
৮. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।